



প্রেস বিজ্ঞপ্তি

বরিশাল বিশ্ববিদ্যালয়ে ৬ষ্ঠ বাংলাদেশ মার্কেটিংডে ২০২৩ উদযাপন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১২ অক্টোবর ২০২৩।

বরিশাল বিশ্ববিদ্যালয়ে ৬ষ্ঠ বাংলাদেশ মার্কেটিংডে ২০২৩ উদযাপিত হয়েছে। এ উপলক্ষে ১২ অক্টোবর ২০২৩ তারিখ বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের উদ্যোগে সকাল ১১ টায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের নিচ তলায় কেক কাটা ও আনন্দ র্যালীর আয়োজন করা হয়। কেক কাটা ও আনন্দ র্যালীতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া। এসময় প্রধান অতিথি মার্কেটিং ডের উপর সংক্ষিপ্ত বক্তব্যে বলেন, বাংলাদেশের টেকশই উন্নয়নে পন্য বাজারজাত করনে মার্কেটিংয়ের কোন বিকল্প নেই। বর্তমানে বিশ্বের প্রতিযোগিতামূলক বাজারে বরিশাল বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের শিক্ষার্থীরা তাদের সঠিক মার্কেটিং ব্যবস্থাপনার মাধ্যমে ইতিবাচক ভূমিকা রাখবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। বক্তব্য শেষে কেক কেটে আনন্দ র্যালীতে অংশ নেন প্রধান অতিথি অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া। এসময় মার্কেটিং বিভাগের চেয়ারম্যান বক্ষিম চন্দ্র সরকারের সভাপতিত্বে বিভাগের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীরা উপস্থিত ছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মোঃ জুয়েল মৃধা

প্রশাসনিক কর্মকর্তা

জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়ের